

2016
BENGALI
[HONOURS]
Paper : II

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 8 = 16$
- ক) চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর দুটি প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করো।
- খ) 'কত চতুরানন মরি মরি যাওত' — 'চতুরানন' কে? চরণটির অর্থ লেখো।
- গ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল' — কোন্ পর্যায়ে পদ? 'কণ্টক গাড়ি' — শব্দবন্ধের অর্থ কী?
- ঘ) 'যেয়ো না রজনী, আজি ল'য়ে তারাদলে' — কবি কে? এটি কোন্ পর্যায়ে পদ?
- ঙ) 'নাতোয়ানী কাচ কাচো মা, অঙ্গে ভস্ম ভূষণ পরি' — চরণটির অর্থ স্পষ্ট করো।
- চ) 'যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভ্রমর ভুলে র'লো' — পংক্তিটির অর্থ লেখো।
- ছ) ঈশ্বর পুরী কে? মহাপ্রভু তাঁর কাছ থেকে কোন্ মন্ত্র দীক্ষা নেন?

- জ) 'হইল পাপিষ্ঠ জন্ম নহিল তখনে।
হইলাঙ বঞ্চিত সে সুখ দরশণে।'
— উক্তিটি কার? এখানে কোন্ সুখ থেকে বঞ্চিত হওয়ার কথা বলা হয়েছে?
- ঝ) 'চৈতন্যভাগবতে' উল্লেখিত 'দিশ্বিজয়ী'র প্রকৃত নাম কী? নামটি 'চৈতন্যভাগবতে'র কোন্ অধ্যায়ে রয়েছে?
- ঞ) 'কেহো বোলে "মোর মুখে দিলেক কুল্লোল"'- কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে? 'কুল্লোল'-এর অর্থ কী?
- ট) কলিঙ্গরাজ বন্দি কালকেতুর সঙ্গে কীরূপ আচরণ করেছিলেন?
- ঠ) ফুল্লরা কালকেতুকে কী কী খেতে দিয়েছিল?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে কমপক্ষে একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $6 \times 6 = 36$
- ক) 'গৌরচন্দ্রিকা' কী? তোমার পাঠ্যসূচিভুক্ত এই পর্যায়ের পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। $2+8$
- খ) আক্ষেপানুরাগ বলতে কী বোঝ? তোমার পাঠ্য এই পর্যায়ের পদটিতে আক্ষেপানুরাগের স্বরূপ বিশ্লেষণ করো। $1+5$
- গ) 'প্রার্থনা' বলতে কী বোঝ? পাঠ্যপদে পদকর্তার অন্তর-আকৃতির স্বরূপটি বুঝিয়ে দাও। $1+5$
- ঘ) 'গিরি এবার আমার উমা এলে'— পদকর্তা কে? পদটিতে বাঙালি মাতৃহৃদয়ের যে আর্তি অভিব্যক্ত হয়েছে তা ব্যাখ্যা করো। $1+5$

- ঙ) 'বিজয়া পদগুলি একান্তই মানবিক' — পাঠ্য পদ
অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো। ৬
- চ) 'এক আসামী ছয়টা প্যাদা বল মা কিসে সামাই করি'।
— কোন্ পর্যায়ে পদ? প্রসঙ্গ উল্লেখ করে পদটির
অভিনবত্ব কোথায় তা বুঝিয়ে দাও। ১+৫
- ছ) 'চৈতন্যভাগবত' (আদিখণ্ড) অবলম্বনে অদ্বৈততত্ত্ব
বিষয়ে আলোকপাত করো। ৬
- জ) জগন্নাথ গৃহে তৈরিক ব্রাহ্মণের আপ্যায়নের বৃত্তান্তটি
নিজের ভাষায় লেখো। নিমাই কিরূপে ব্রাহ্মণকে দর্শণ
দিয়েছিলেন? ৫+১
- ঝ) "দেব দোষে আমি যদি আছিলাঙ কাম্বল
দেখিআছি খুড়া হে তোমার ঠাকুরাল।"
— বক্তা কে? 'খুড়া' কাকে বলা হয়েছে? বক্তার
চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৪
- ঞ) "দুঃখ কহিব কাহারে দুঃখ কহিব কাহারে
স্বামী সনে এক শয্যা কোসেক অন্তরে।"
— বক্তা কে? এখানে বক্তার অন্তরের কী পরিচয়
পাওয়া যায়? ১+৫
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে কমপক্ষে একটি করে প্রশ্ন নিয়ে মোট
চারটি প্রশ্নের উত্তর দাও : ১২×৪=৪৮
- ক) 'অভিসার'-এর সংজ্ঞা দাও। পাঠ্য পদ অবলম্বনে
অভিসার পর্যায়ে পদে গোবিন্দদাসের কবি প্রতিভার
মূল্যায়ন করো। ২+১০

- খ) বৈষ্ণব পদাবলীতে 'ভাবসম্মিলন' পর্যায়ে তাৎপর্য
সংক্ষেপে ব্যাখ্যা করো। 'আজু রজনী হাম ভাগে
পোহায়লু' পদটিতে রাধার হৃদয়তির শিল্পরূপায়ণে
পদকর্তার কৃতিত্ব পরিমাপ করো। ২+১০
- গ) "...হরগৌরীর কথা আমাদের ঘরের কথা। সেই
হরগৌরীর কথায় আমাদের বাংলাদেশের একটা বড়
মর্মের কথা আছে। ...হরগৌরীর কথা বাংলার একান
পরিবারের সেই প্রধান বেদনার কথা।"
— তোমার পাঠ্য সংশ্লিষ্ট পদ অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা
করো। ১২
- ঘ) পাঠ্যপদ অবলম্বনে শাক্ত পদাবলির শিল্প-কলা সম্পর্কে
আলোচনা করো। দুজন মুসলিম শাক্ত কবির নাম
লেখো। ১০+২
- ঙ) চৈতন্যভাগবতের (আদিখণ্ড) পঞ্চদশ অধ্যায়ের গুরুত্ব
বিচার করো। ১২
- চ) 'চৈতন্যভাগবত' অনুসরণে চৈতন্যের বাল্য-কৈশোর লীলা
বর্ণনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব বিচার করো।
চৈতন্যভাগবত কটি খণ্ডে ও কটি অধ্যায়ে বিভক্ত?
১০+২
- ছ) চণ্ডীমঙ্গল (আখ্যটিক খণ্ড) অবলম্বনে হাস্যরসের স্বরূপ
বুঝিয়ে দাও। 'ডিহিদার' শব্দের অর্থ লেখো। ১০+২
- জ) চণ্ডীমঙ্গল কাব্যের কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করে এই
ব্যাপ্ত চরিত্র নির্মাণে কবিকঙ্কণের কৃতিত্ব ও সীমাবদ্ধতা
বিচার করো। ১২